

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৭১

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ লাইলাতুল কদর (নির্দিষ্ট করার ব্যাপারটি) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ভুলে গিয়েছিলেন, তার বিবরণ

ذِكْرُ السَّبَبِ الَّذِي مِنْ أَجْلِهِ نَسِيَ رَسُولُ الله صلى الله عليه وسلم ليلة القدر

আরবী

3671 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَنسُ بْنُ مَالِكِ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ خَالِدُ بْنُ الْحَارِثِ قَالَ: حَدَّثَنَا أَنسُ بْنُ مَالِكِ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ أَنَّهُ قَالَ: خَرَجَ نَبِيُّ اللَّهِ صلى الله عليه وسلم لِيُخبِرَنا بِلَيْلَةِ الْقَدْرِ فَتَلَاحَى وَلُانٌ وَفُلَانٌ فَرُفِعَتْ وَعَسَى أَنْ الْمُسْلِمِينَ فَقَالَ: (خَرَجْتُ لِأُخْبِرَكُمْ بِلَيْلَةِ الْقَدْرِ فَتَلَاحَى فُلَانٌ وَفُلَانٌ فرُفِعَتْ وَعَسَى أَنْ يَكُونَ خَيْرًا لكم فالتمسوها في التاسعة والسابعة والخامسة) الراوي: عُبَادَة بْن الصَّامِتِ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 13671 خلاصة حكم المحدث: صحيح: خ.

বাংলা

৩৬৭১. উবাদাহ বিন সামিত রাদ্যাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে লাইলাতুল কদর সম্পর্কে অবহিত করার জন্য বের হন। অতঃপর দুইজন মুসলিম ব্যক্তি বিবাদে লিপ্ত হন। অতঃপর তিনি বলেন, "আমি তোমাদেরকে লাইলাতুল কদর সম্পর্কে অবহিত করার জন্য বের হয়েছিলাম। অতঃপর ওমুক ও ওমুক বিবাদে লিপ্ত হয়। অতঃপর সেটা (লাইলাতুল কদরের ইলম) উঠিয়ে নেওয়া হয়। আর আশা করা যায়, এটা তোমাদের জন্য কল্যাণকর। কাজেই তোমরা এটা নবম, সপ্তম ও পঞ্চম রাতে তালাশ করো।"[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ২০২৩; আত তায়ালিসী: ৫৭৬; মুসনাদ আহমাদ: ৫/৩১৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ:



৩/৭৩; দারেমী: ২/৭২-৭৩; সহীহ ইবনু খুয়াইমাহ: ২১৯৮; বাগাবী: ১৮২১; মুয়ান্তা ইমাম মালিক: ১/৩২০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৬৭১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন